মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,যশোর

ডিজিটাল কনটেন্টতৈরি এবং ইনস্টিটিউট ওয়েবসাইটে কনটেন্ট আপলোড বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণ মডিউল-১

১ম দিন সেশন-১

উদ্বোধনী : সময় : ৩০ মিনিট

বিষয়বস্তু :কোর্স পরিচিতি, উদ্দেশ্যও নিয়মাবলিসময়: ২০ মিনিট

শিখনফল এই সেশন শেষে, অংশগ্রহণকারীগণ-

এই প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্য বর্ণনা করতে পারবেন, সতীর্থ প্রশিক্ষণার্থীদের সাথে পরিচিত হবেন|

প্রশিক্ষকের প্রস্তুতি (Trainer's Preparation) :

০১.এই সেশনটি আধুনিক কম্পিউটারের ব্যবস্থা আছে এমন ল্যাবে করাতে হবে

০২. ICT উপকরণগুলো কম্পিউটারে চালানোর জন্য প্রয়োজনীয় সফটওয়্যার ইনস্টল (Install) করে রাখতে হবে

০৩. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ বিভিন্ন স্থান থেকে আসবেন। তাদের অনেকেই পরস্পরের কাছেঅপরিচিত হবেন এটাই স্বাভাবিক। এক্ষেত্রে তাদের মধ্যে একধরনের জড়তাও কাজ করতে পারে। এই জড়তা প্রশিক্ষণের শুরুতেই দূর করা উচিত| এজন্য ইতিপূর্বের প্রশিক্ষণের পরিচিতি সেশনের নির্বাচিত ধারণকৃত ভিডিও ক্লিপ, বিভিন্ন ধরনের Game বা কৌশলের মাধ্যমে তাদের জড়তা দূর করতে পারবেন।তাদের পরস্পরের সাথে পরিচিত করানোর জন্য সংখ্যা/তালা-চাবিসহবিভিন্নপদ্ধতির মাধ্যমে তাদের জোড়া(Pair)তৈরি করারপ্রস্তুতি গ্রহণ করতে হবে

০৪. এই প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্য ও এর বিভিন্ন দিক জেনে নিতে হবে

০৫. প্রশিক্ষণ কোর্স পরিচিতি উপস্থাপন করার জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন স্লাইডগুলো ভাল করে দেখে নিয়ে প্রস্তুতি নিতে হবে

০৬. অংশগ্রহণকারীদের শিক্ষাক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার সম্পর্কে জ্ঞান ও দক্ষতার প্রাক-মূল্যায়নের জন্য প্রশ্নপত্র গুছিয়ে রাখতে হবে

০৭.প্রাক-মূল্যায়নের লক্ষে প্রশ্নপত্র গুলি গোপনীয়তার সাথে সংরক্ষন করতে হবে।

০৮. প্রশিক্ষনের ১৫ দিনের কার্যক্রম ল্যাবে ও অনলাইনে কি-ভাবে সম্পন্ন হবে সে বিষয়ে ধারনা থাকতে হবে ।

প্রশিক্ষকের জন্য নোট (Trainer's Notes) :

কম্পিউটার সম্পর্কে অনেকেরই মনে একধরনের ভীতি কাজ করে। অনেকেই মনে করে কম্পিউটার শেখার জন্য অনেক জ্ঞানের প্রয়োজন। কম্পিউটার শিখতে অনেক সময়ের দরকার। শুধু আমাদের দেশেই নয় বিশ্বের অনেক উন্নত দেশের মানুষের মনেও এ ধারণা বিরাজ করে। তাই আমাদের দেশের শিক্ষকদেরও এরকম থাকাটা অস্বাভাবিক কিছুই নয়। তাই শুরু থেকেই তাদের মনের এই ভুল ধারণাটা ভেঙে দেওয়ার চেষ্টা করতে হবে। তাদেরকে এভাবে বোঝানোর চেষ্টা করবেন-পেন্সিল দিয়ে লেখা শেখাটা যেমন সহজ, কম্পিউটারও অনেকটা সে রকমেরই। পেন্সিল যেমন শিখন-শেখানোর কাজে ব্যবহার করা যায়,লেখা ভুল হলে খুব সহজে মুছে আবার ঠিক করে লেখা যায়; ঠিক তেমনি কম্পিউটার দিয়েও শিক্ষামূলক অনেক কাজ নিজের মনের মত করে তৈরি করে নেওয়া যায়-শেখা যায়, শেখানো যায়। শুধু সময় নিয়ে একটু চেষ্টা ও চর্চার প্রয়োজন। আর সবচেয়ে যে জিনিসটা দরকার সেটা হল কম্পিউটার বর্তমানে শিখন-শেখানো প্রক্রিয়ায় একটা উপকরণ (teaching-learning tool)হিসেবেও ব্যবহৃত হচ্ছে। এই প্রশিক্ষণ কোর্সেও অংশগ্রহণকারীগণ হাতে-কলমে নানা ধরনের কাজ করতে করতে শিখন-শেখানো প্রক্রিয়ায় কম্পিউটারের ব্যবহার করার বিভিন্ন উপায় জানবেন এবং শ্রেণীকক্ষে প্রয়োগ করার দক্ষতা অর্জন করবেন।

কাজ-১: অংশগ্রহণকারীদের পরিচিতি **সময় : ১০ মিনিট**

১.১অংশগ্রহণকারীদের তাদের নির্দিষ্ট আসন ছেড়ে ফাঁকা স্থানে দাঁড়াতে বলতে হবে

১.২জোড়া তৈরি সম্পন্ন করে,প্রত্যেক জোড়াকে বলুন পরস্পরের সাথেকথা বলে সঙ্গীর পরিচয়, অভিজ্ঞতা,সখ, বিশেষত্ব ইত্যাদি জেনে নিতে হবে

১.৩২-১টি জোড়াকে সামনে এনে একে অন্যের সম্পর্কে তথ্য উপস্থাপন করতে হবে | জোড়ার উপস্থাপনা শেষ হলে

ধন্যবাদ দিতে হবে।মনে রাখবেন, এই জোড়া হলো পরস্পরের Learning Partner | পুরো প্রশিক্ষণে এই Learning Partner

জোড়া একত্রে থাকবেন এবং পরস্পর বিভিন্ন বিষয় আলোচনা করবেন-এবিষয়ে তাদেরকে উৎসাহিত করবেন।

কাজ-২: শুভেচ্ছা বিনিময় এবং প্রশিক্ষণ কোর্সের পরিচিতি   সময় : ০৫ মিনিট

২.১ অংশগ্রহণকারীদের সাথে শুভেচ্ছা বিনিময় এবংপ্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার জন্যস্বাগত জানাতে হবে

২.২ নিজের পরিচয় ও অভিজ্ঞতা সংক্ষেপে ব্যক্ত করতে হবে। এক্ষেত্রে হোয়াইট বোর্ডে বিভিন্ন তথ্য (নিজের নাম,সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা,শিক্ষা প্রতিষ্ঠানের নাম,শখ ইত্যাদি) দিয়ে অংশগ্রহণকারীদের প্রশ্নোত্তরের মাধ্যমে নিজেকেউপস্থাপন করতে হবে

২.৩ পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন ব্যবহার করে দুই-তিনটি স্লাইডে যথাক্রমে প্রশিক্ষণের লক্ষ্য,উদ্দেশ্য এবং কিভাবে অনলাইনে এবং ল্যাবে প্রশিক্ষণ সম্পন্ন হবে সে সম্পর্কে সংক্ষিপ্তভাবে উপস্থাপনকরতে হবে।

কাজ-৩: প্রি-টেস্ট   সময় : ০৫ মিনিট

৩.১ অংশগ্রহণকারীদের প্রাক-মূল্যায়নের বিষয়টি অবগত করতে হবে এবং উৎসাহিত করবেন যে এটা এই প্রশিক্ষণ কোর্সের সফলতা বা যথার্থতা পরিমাপের জন্য।এটা তাদের পেশার ক্ষেত্রেকোনভাবেই প্রভাবিত করবে না
৩.২ অংশগ্রহণকারীদের শিক্ষাক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার সম্পর্কে জ্ঞান ও দক্ষতার প্রাক-মূল্যায়নের জন্য প্রশ্নপত্রগুলো বিতরণ করতে হবে

৩.২ পাঁচ মিনিট সময় শেষ হলে উত্তরপত্রগুলো সংগ্রহ করতে হবে।

দিনের কোন একসময় উত্তরপত্রগুলো মূল্যায়ন করে রাখতে হবে যাতে পরবর্তীতে পোস্ট-টেস্টের (Post-Test) সাথে তুলনা করে প্রশিক্ষণের সফলতা পরিমাপ করতে পারবেন।

১ম দিন   সেশন-২

বিষয়বস্তু : অংশগ্রহণকারীদের প্রত্যাশা, কম্পিউটার পরিচিতি, ব্যবহার এবং অনুশীলন (মাউসের ব্যবহার নিশ্চিত করণ)

সময় : ১ ঘন্টা ১০ মিনিট

শিখনফল : এই সেশন শেষে, অংশগ্রহণকারীগণ-

- এই সেশন শেষে তাদের প্রত্যাশা বর্ণনা করতে পারবেন
- কম্পিউটারের বিভিন্ন অংশের নাম ও কাজ বর্ণনা করতে পারবেন
- কম্পিউটার সঠিকভাবে চালু ও বন্ধ করতে পারবেন
- মাউস ব্যবহারের মাধ্যমে জড়তা দূর হবে
- মাউসের সাহায্যে বিভিন্ন চিত্র অংকন করতে পারবেন
- কম্পিউটারের মাধ্যমে ICT উপকরণ ব্যবহার করতে পারবেন

ব্যবহৃত উপকরণ : সকল অংশগ্রহণকারীর জন্য কম্পিউটারসহ কম্পিউটার ল্যাব ।

প্রশিক্ষকের প্রস্তুতি (Trainer’s Preparation):

১. কম্পিউটারের সফটওয়্যার ও হার্ডওয়্যার সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ

২. প্রত্যেক কম্পিউটারের সিস্টেম ইউনিট,মনিটর,কী-বোর্ড, মাউস, ইউপিএস ও অন্যান্য যন্ত্রাংশ ঠিকআছে কিনা তা যাচাই করে নেয়া

৩. প্রয়োজনীয় সফটওয়্যার ও উপকরণসমূহ যেমন: পাওয়ারপয়েন্ট,অ্যানিমেশন,ভিডিও ইত্যাদি আছে কি না তা নিশ্চিত করে নেয়া

৪. কোন কোন প্রশিক্ষণার্থী প্রশিক্ষনের বিষয়বস্তু না বুঝে হ্যা বুঝেছি উত্তর দিয়ে চলেছে কি-নাএ বিষয়ে সচেতন ও সতর্ক থাকতেহবে।

কাজ-১:কম্পিউটারের সাথে পরিচিতি এবং কম্পিউটার চালু ও বন্ধ করা   সময় : ১০ মিনিট

১.১ প্রশিনার্থীদেরউদ্দেশ্য বলতে হবে, “আপনাদের সামনে যে কম্পিউটারগুলো রয়েছে সেগুলো বন্ধ আছে। এগুলোকে চালু করতে হবে । তার আগে আসুন কম্পিউটারের বিভিন্নঅংশের সাথে পরিচিত হই।

১.২ এরপর কম্পিউটারের সিস্টেম ইউনিট(systemUnit),মনিটর(Monitor),কী-বোর্ড(KeyBoard), মাউস(Mouse), সিডি/ডিভিডি-রম (CD/DVD-ROM),ইউএসবি ড্রাইভ (USB Drive), ইউপিএস (UPS)- ইত্যদির সাথে পরিচয় করিয়ে দিতে হবে এবং সংক্ষেপে এগুলোর কাজ বর্ণনা করতে হবে। বিশেষ করে কীবোর্ডের বিশেষ কয়েকটি কী (Enter, Backspace, Spacebar,Control,Shift,Tab,Caps Lock,Windows key,etc.)-এর সাথে পরিচয় করিয়ে দিতে হবে
১.৩ এবার কম্পিউটার চালু করার জন্য প্রয়োজনীয় কাজগুলো ধাপে ধাপে অংশগ্রহকারীদের দেখিয়ে দিন এবং তাদেরকে অনুসরণ করতে বলতে হবে

১.৪ কম্পিউটার চালু হবার পর প্রজেক্টরের মাধ্যমে ডেস্কটপ এনভায়রমেন্ট (DesktopEnvironment)- এর বিভিন্ন আইকন (Icon)ও বাটনগুলো (Button) পরিচয় করিয়ে দিতে হবে

১.৫ এক্ষেত্রে ডেস্কটপ,মাউস পয়েন্টার, মাই কম্পিউটার,মাই ডকুমেন্ট আইকন,স্টার্ট বাটন ইত্যাদির সাথে পরিচয় করিয়ে দিন এবং এগুলোর কাজ ব্যাখ্যা করতে হবে

১.৬ ICT উপকরণগুলো সিডি/ডিভিডি রম-, ইউএসবি ড্রাইভের মাধ্যমে কিভাবে ব্যবহার করতে হবে তা দেখিয়ে দিন এবং তাদেরকে অনুসরণ করতে হবে

১.৭ এবার কম্পিউটার বন্ধ করতে বলতে হবে। মনে রাখতে হবে, তারা যেন সরাসরি বিদ্যুৎ সংযোগ বন্ধ করে কম্পিউটার না বন্ধকরে। কম্পিউটার বন্ধ করার সঠিক নিয়ম ধাপে ধাপে অংশগ্রহণকারীদের দেখিয়ে দিতে হবে এবং তাদের নিজেদের অনুসরণ করতে বলতে হবে

১.৮ অংশগ্রহণকারীদের নিজেদের কম্পিউটার পুনরায় চালু ও বন্ধ করতে বলতে হবে

১.৯ অংশগ্রহণকারীদের প্রক্রিয়াগুলো অনুশীলন করে কম্পিউটার পুনরায় চালু করতে বলতে হবে।

সময় থাকলে অংশগ্রহণকারীদের আগ্রহ অনুযায়ী অন্যান্য সহজ বিষয়গুলোর সাথে পরিচয় করিয়ে দিতে হবে।

কাজ-২: অনুশীলন: মাউসের ব্যবহারসময় ১ ঘন্টা

১.১ মাউস ব্যবহারের উপর প্রস্তুতকৃত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনটির স্লাইডগুলি সতর্কতার সাথে পর্যায়ক্রমে প্রজেক্টরে একের পর একপ্রদর্শণ করতে হবে এবং প্রশিক্ষণার্থীও অনুশীলন করবে

১.১ প্রশিক্ষণার্থী নির্দেশ মোতাবেক মাউসের সাহায্যে অনুশীলন করবে ।

চা বিরতি সময় : ১০ মিনিট

১ম দিন সেশন-৩

বিষয়বস্তু :ইন্টারনেটে সংযোগ, ওয়েবসাইট ব্রাউজ, ব্রাউজার, সার্চ ইঞ্জিন,গুগোল হোমপেজ পরিচিতি

সময় :১ঘন্টা৩০ মিনিট

শিখন ফল : এই সেশন শেষে শিক্ষার্থীরা-

- ইন্টারনেটে সংযুক্ত হবেন এবং বিভিন্ন ওয়েবসাইটে প্রবেশ করতে পারবে
- ওয়েবসাইট ও সার্চ-ইঞ্জিন পরিচিতি বলতে হবে
- Google থেকে ছবি ডাউনলোড করতে পারবে
- শিক্ষা মন্ত্রালয়ের,শিক্ষা অধিদপ্তর, শিক্ষক বাতায়ন, ব্যানবেইস, শিক্ষা বোর্ড যশোরসহ বিভিন্ন শিক্ষামূলক ওয়েবসাইট সম্পর্কে জানবেন এবং তা ব্যবহারে সক্ষম হবেন।

প্রশিক্ষকের প্রস্তুতি (Trainer's Preparation) :

- এই সেশনটি পরিচালনার জন্য সহায়তাকারীর ইন্টারনেট ব্যবহার সম্পর্কে ভাল জ্ঞান ও দক্ষতা থাকতে হবে
- এই সেশনটি সবার জন্য কাম্পিউটারের ব্যবস্থা আছে এমন ল্যাবে করাতে হবে
- ইন্টারনেট কানেকশন ঠিক আছে কিনা check করে দেখুন
- সকল অংশগ্রহণকারীদের যাতে কাম্পিউটারের বিভিন্ন কাজগুলো সহজে দেখানো যায় সেজন্য প্রজেক্টরসহ কাম্পিউটার আগেই প্রস্তুত রাখুন
- ইন্টারনেট বিষয়ক হ্যান্ডআউটটি(HO-3) ভালভাবে পড়ে প্রস্তুতি নিন
- E-bookথেকে বই ডাউনলোড করা শিখতে হবে
- যশোর বোর্ডের ওয়েবসাইটের বিভিন্ন ম্যানুয়্যাল সম্পর্কে দক্ষতা অর্জন করতে হবে
- প্রিন্টার ল্যাপটপসহ ICT উপকরণের যথাযথ ব্যবস্থা করতে হবে।

কাজ -১ : সময় : ৩০ মিনিট

অংশগ্রহণকারীদের মধ্যে কেউ ইন্টারনেট ব্যবহার করতে জানেন কিনা জিজ্ঞেস করুন-

- ❖ ইন্টারনেট ব্যবহার করে শিখন-শেখানো কার্যক্রমে আমরা কী ধরণের কাজ করতে পারি প্রশ্ন করুন
- ❖ অংশগ্রহণকারীদেরউদ্দেশ্যে বলুন, এবার আমরা ইন্টারনেটের তথ্যের সমুদ্রে প্রবেশ করে কিভাবে শিক্ষা বিষয়ক তথ্য খুজেঁ নিতে পারি তা শিখব
- ❖ ইন্টারনেটে কিভাবে সংযুক্ত হতে হয় তা প্রজেক্টরের মাধ্যমে দেখান। তাদেরকেও অনুসরন করতে বলুন
- ❖ শিক্ষা মন্ত্রালয়, শিক্ষা অধিদপ্তর, শিক্ষক বাতায়ন, ব্যানবেইস, শিক্ষা বোর্ড যশোরসহ বিভিন্ন শিক্ষামূলক ওয়েবসাইট প্রজেক্টরের মাধ্যমে দেখান। তাদেরকেও অনুসরন করতে বলুন।
- ❖ সার্চ ইঞ্জিন ব্যবহার করে বিভিন্ন ওয়েব সাইটে প্রবেশ করবে
- ❖ Googleimage থেকে ছবি ডাউনলোড করতে পারবে
- ❖ যশোর বোর্ডে Last Notice থেকে নোটিশ ডাউনলোড করবে
- ❖ কেউ তাদের মতামত শেয়ার করলে ধন্যবাদ দিন এবং আরও কিছু কাজ (শিক্ষা বিষয়ক যেকোন তথ্য, অনেক ক্ষেত্রে ছবি, অ্যানিমেশন উপকরণ সংগ্রহ ইত্যাদি) উল্লেখ করুন
- ❖ ইন্টারনেট ব্যবহারের প্রক্রিয়াগুলো নির্দেশনা অনুযায়ী অনুশীলন করতে বলুন।

মধ্যাহ্ন বিরতি সময় ২ঘন্টা ৩০ মনিট

১ম দিন সেশন-৪

বিষয়বস্তু :ওয়েবসাইটে তথ্য আপলোড,ইমেজ ও ভিডিও ডাউনলোড,ই-মেইল আদান প্রদান ওAttachment করা

সময় : ২ ঘন্টা

শিখন ফল : এই সেশন শেষে শিক্ষার্থীরা-

- নিজ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রবেশ করে বিভিন্ন মেন্যুর তথ্য দেখতে পারবে
- নিজ প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ADMIN-এ LOG IN করে তথ্য আপলোড করতে পারবে
- ই-মেইল আদান-প্রদানসহ **Attachment**করতে পারবেl
- Attachment করা ইমেজ/ফাইল/ভিডিও ডাউনলোড করতে পারবে
- Attachment করা ইমেজ/ফাইল/ভিডিও ডাউনলোড করে প্রিন্ট করতে পারবে
- ই-মেইল থেকে ডাউনলোডকৃত তথ্য নির্দিষ্ট ফোল্ডারে সেভ করতে পারব
- E-book এপ্রবেশ করে বই পড়তে, ডাউনলোড ও প্রিন্ট করতে পারবে l

ব্যবহৃত উপকরণ :সকল অংশগ্রহণকারীর জন্য কম্পিউটারসহ কম্পিউটার ল্যাব ।

প্রশিক্ষকের প্রস্তুতি (Trainer's Preparation) :

- এই সেশনটি পরিচালনার জন্য সহায়তাকারীর ইন্টারনেট ব্যবহার সম্পর্কে ভাল জ্ঞান ও দক্ষতা থাকতে হবে
- এই সেশনটি সবার জন্য কাম্পিউটারের ব্যবস্থা আছে এমন ল্যাবে করাতে হবে
- ইন্টারনেট কানেকশন ঠিক আছে কিনা check করে দেখুন
- সকল অংশগ্রহণকারীদের যাতে কাম্পিউটারের বিভিন্ন কাজ গুলো সহজে দেখানো যায় সেজন্য প্রজেক্টরসহ কাম্পিউটার আগেই প্রস্তুত রাখুন
- ইন্টারনেট বিষয়ক হ্যান্ডআউটটি(HO-3) ভালভাবে পড়ে প্রস্তুতি নিন
- E-bookথেকে বই ডাউনলোড করা শিখতে হবে
- যশোর বোর্ডের ওয়েবসাইটে তথ্য আপলোডের লক্ষে ম্যানুয়্যাল সম্পর্কে দক্ষতা অর্জন করতে হবে
- প্রিন্টার ল্যাপটপসহ ICT উপকরণের যথাযথ ব্যবস্থা করতে হবে।

কাজ -১ : সময় : ৩০ মিনিট

নিজ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রবেশ করতে বলুন
ওয়েবসাইটে তথ্য আপলোডের লক্ষে ADMIN-এ প্রবেশের নিয়ম প্রজেক্টরে দেখান
সে মোতাবেক নিজ প্রতিষ্ঠানের ADMIN-এ প্রবেশ করতে বলুন
নিয়মানুযায়ী ADMIN-এ সকলে প্রবেশ করতে পেরেছে কি-না নিশ্চিত করুন
প্রজেক্টরে পর্যায়ক্রমে বিভিন্ন মিন্যুতে তথ্য আপলোড করে দেখাতে হবে এবং সে মোতাবেক সকলকে তথ্য আপলোড করে অনুশীলন করবে
অংশগ্রহণকারীদের মধ্যে কেউ ই-মেইল ব্যবহার করেন কিনা জিজ্ঞেস করুন
এ্যাড্রেস বার/সার্চ ইঞ্জিন ব্যবহার করে Gmail/yahoo mail-এ প্রবেশ করতে বলুন
ই-মেইল আদান-প্রদানসহ **Attachmentকরা** প্রজেক্টরে পর্যায়ক্রমে দেখিয়ে সে মোতাবেক www.trainig---ঠিকানায় ---- লিখে Send করতে বলতে হবে ।
Attachment করা ইমেজ/ফাইল/ভিডিও ডাউনলোড প্রজেক্টরে পর্যায়ক্রমে দেখিয়ে সে মোতাবেক www.trainig---ঠিকানায় ---- **Attachment করে**Send করতে বলতে হবে ।

Attachment করা ইমেজ/ফাইল/ভিডিও ডাউনলোড করা প্রজেক্টরে পর্যায়ক্রমে দেখিয়ে সে মোতাবেক www.trainig---ঠিকানায় ---- Send করতে বলতে হবে ।
ই-মেইল থেকে ডাউনলোডকৃত তথ্য নির্দিষ্ট ফোল্ডারে সেভ করা দেখিয়ে সেভ করতে বলুন
E-book এপ্রবেশ করে বই পড়তে, ডাউনলোড ও প্রিন্ট করা দেখিয়ে অনুশীলন করতে বলুন
শিক্ষা বিষয়ক ওয়েবসাইট(careernews24.com , eduresource.info, www.shikkhok.com,studybd24.com, edunetbd.com , champs21.com, educationinfobd.com) থেকে তথ্য নিতে উৎসাহিত করুন।

কাজ-২:সেশন র‍্যাপ-আপ

২.১ আজকের দিনের বিভিন্ন সেশন থেকে অংশগ্রহণকারীগণ কী কী বিষয় সম্পর্কে জ্ঞান ও দক্ষতা অর্জন করেছেন তা যাচাই করার জন্য কয়েকজন অংশগ্রহণকারীকে প্রশ্ন করে জেনে নিতে হবে

২.২ আজকের দিনের কার্যক্রমের উল্লেখযোগ্য বিষয়গুলো জোড়া দলে কাজ করতে হবে

২.৩অনলাইনে পরবর্তী ৬ দিন কিভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে সে বিষয়ে ধারণা দিতে হবে

২.৪ ধন্যবাদ দিয়ে সেশন শেষ করতে হবে।

অংশগ্রহণকারীদের কাছ থেকে দিন শেষে সেশনগুলোর বিষয়ে মতামত নেওয়ার চেষ্টা করবেন।এজন্য নিচের প্রশ্নগুলোর মাধ্যমে তাদের কাছ থেকে মতামত নিতে হবে (Randomly) কয়েকজন অংশগ্রহণকারীকে প্রশ্ন করে মতামত নিন)-

১. আজকের দিনে কোন শিক্ষণীয় বিষয়টি আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে মনে হয়েছে ?

২. আজকে কোন বিষয়টি আপনি সবচেয়ে বেশি উপভোগ করেছেন ?

৩. কোন বিষয়টি বেশি কঠিন মনে হয়েছে ?

৪. পরবর্তী সেশনগুলো আরও কিভাবে ভাল করা যেতে পারে ? ইত্যাদি

SADIA ISRAT ANAM

Apt:B-1, TROPICAL MUNSUR HOMES.156

DOCTORS LANE,BORO MOGHBAZAR

DHAKA-121

Mob: 01717-110573